



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

১৭ জুলাই, ২০২০

মাননীয় মৎস্য অধিকর্তা,  
মৎস্য অধিকার, পশ্চিমবঙ্গ সরকার।


বিষয়ঃ সব ধরনের মৎস্যজীবীদের কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা প্রদান  
মহাশয়া,

মৎস্যজীবীদের কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা প্রদানের জন্য পশ্চিমবঙ্গ সরকার সারা রাজ্যে উদ্যোগ নিয়েছেন। এই উদ্যোগকে ডি.এম.এফ স্বাগত জানায়।

মৎস্যক্ষেত্রে কিষান ক্রেডিট কার্ড-এর উদ্দেশ্য সব ধরনের স্ব-নিযুক্ত মৎস্যকর্মীদের সহজে ও কম সুদে ক্ষুদ্র ঋণ প্রদানের ব্যবস্থা করা যাতে তাদের রোজগার ও স্ব-নির্ভরতা বৃদ্ধি পায়। কেন্দ্রীয় আদেশনামায় মৎস্যক্ষেত্র ও তার সাথে সম্পর্কিত যে কোন কাজ বা নির্দিষ্ট রাজ্যে মৎস্যক্ষেত্র সংশ্লিষ্ট কাজের সাথে যুক্ত সব কর্মীর এই সুবিধা লাভের কথা বলা আছে। কিন্তু অভ্যন্তরীণ ও সামুদ্রিক মৎস্যক্ষেত্রে ক্ষুদ্র মৎস্যকর্মীদের কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধালাভের ক্ষেত্রে কতগুলি গুরুতর সমস্যা দেখা দিয়েছে। আপনার অবগতি ও দ্রুত সমাধানের উদ্দেশ্যে কয়েকটি প্রধান অসুবিধা নিয়ে উল্লেখ করছি -

১। বিশাল সংখ্যক মৎস্যভেন্ডর স্বনিযুক্ত মৎস্যকর্মী হিসেবে মৎস্যক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজে যুক্ত আছেন। এদের অতি অধিকাংশের কোন লাইসেন্স বা সরকারি পরিচয়পত্র নেই। এদেরকে অবিলম্বে সরকারি পরিচয়পত্র এবং মাছের খুচরো ব্যবসার লাইসেন্স দিয়ে কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা দেওয়ার ব্যবস্থা করা হোক। এর জন্য উপযুক্ত প্রকল্পও প্রস্তুত করা হোক।

২। সামুদ্রিক ও অভ্যন্তরীণ ক্ষেত্রে ক্ষুদ্র মৎস্যশিকারিরা মাছ ধরার জন্য নৌকা বা নৌকা ছাড়া বহু ধরনের জাল ও উপকরণ ব্যবহার করে থাকেন। প্রত্যেক ধরনের জালের বা উপকরণের জন্য আলাদা প্রকল্প তৈরী ও অনুমোদন করা কঠিন ও জটিল। অথচ প্রতিটি ক্ষুদ্র মৎস্যশিকারির কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা পাওয়ার প্রয়োজন ও অধিকার আছে। এর পরিপ্রেক্ষিতে এমন একটি আবেদনপত্রের ব্যবস্থা করা হোক যার মাধ্যমে প্রতিটি মৎস্যশিকারি তার মাছ ধরার নির্দিষ্ট পদ্ধতি ও অর্থের প্রয়োজন উল্লেখ করতে পারবেন। সংশ্লিষ্ট মৎস্য আধিকারিক আবেদনপত্রের যাচাই করে অনুমোদন দেবেন।





# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

৩। ইতিপূর্বে ডি.এম.এফ.-এর তরফে আমরা আপনাকে জানিয়েছি যে কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা লাভের জন্য বেহুন্দি জালের অন্তর্ভুক্তি অত্যন্ত জরুরি। কিষান ক্রেডিট কার্ড-এর আবেদনের সময়সীমা বাড়ানো প্রয়োজন এবং সামুদ্রিক মৎস্যজীবীদের অনেকের বি.আই কার্ড না থাকায় এটিকে কিষান ক্রেডিট কার্ড-এর আবেদনের জন্য আবশ্যিক করা উচিত নয় [ডি.এম.এফ.-এর ৭ জুলাই, ২০২০ তারিখের চিঠির প্রতিলিপি সংযোজিত হল]।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

মিলন দাস

সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মোবাইলঃ ৭৮৭২৪০৭৬১১

